



বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
জোনাল অফিস

১০৪৬/১, যশোর রোড, খুলনা।

টেলিফোন নম্বর: ০২৪৭৭-৭২৪০১৩; ইমেইল: zm.khulna@bhbfc.gov.bd



বিষয়: কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সভার কার্যবিবরণী।

সভার স্থান : জোনাল অফিস, খুলনা  
সভার তারিখ : ১৯.০৯.২০২২খ্রি., সোমবার  
সভার সময় : সকাল ১০:০০-১:০০ ঘটিকা  
সভাপতি : জনাব সি, এম, রুম, জোনাল ম্যানেজার, বিএইচবিএফসি, খুলনা।  
প্রধান আলোচক : মো. বদিউজ্জামান, উপমহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ, সদর দফতর, ঢাকা।  
সভায় উপস্থিতি : জোনাল অফিস, প্রধান শাখা অফিস এর কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, যশোর রিজিওনাল অফিস, সাতক্ষীরা, বাগেরহাট শাখা অফিসের ম্যানেজারবৃন্দ।

২.০ প্রধান আলোচকের বক্তব্য :

সভার শুরুতে কর্পোরেশনের উপমহাব্যবস্থাপক জনাব মো. বদিউজ্জামান সিটিজেন চার্টার সম্পর্কে আলোচনা করেন। সরকারের সাথে সম্পাদিত চুক্তি সুচারুভাবে সম্পাদনের জন্য বিএইচবিএফসি ১ম স্থান অধিকার করে এ বিষয়ে তিনি বিস্তারিত আলোকপাত করেন। এছাড়াও, অধিকতর সেবা পাওয়ার জন্য প্রতিষ্ঠানের সিটিজেন চার্টার এর সকল সেবা নির্ধারিত সময়ের মধ্যে প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন। তিনি এসময় বিধিমোতাবেক সেবা প্রদানের পছন্দিত সম্পর্কেও উপস্থিতিকে অবহিত করেন। সবশেষে, কর্পোরেশনের পক্ষ হতে সেবা প্রদানে কোন কর্মকর্তা/কর্মচারীর উদাসীনতা, হয়রানি বা গাফেলতির বিষয়ে সরাসরি তাঁকে অবহিত করার জন্যও সকলের প্রতি আহ্বান জানান।

৩.০ সভাপতির (জোনাল ম্যানেজার) বক্তব্য :

সভায় সভাপতি হিসেবে জোনাল ম্যানেজার, খুলনা জনাব সি, এম, রুম তাঁর বক্তব্যের শুরুতে সেবা প্রদানে তার অফিস প্রতিশ্রুতিবদ্ধতা বর্ণনা করেন। তিনি ঋণের জন্য সেবা পাওয়ার অধিকার নিশ্চিত করতে কর্পোরেশনের বিভিন্ন ঋণ নীতিমালার কথাও উল্লেখ করেন। এছাড়া তিনি কর্পোরেশনের সেবা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত :

- সিটিজেন চার্টারে প্রতিশ্রুতমতে, বিশেষত: নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান হচ্ছে কি না, এবিষয়ে শাখা অফিসসমূহের তথ্য পর্যালোচনা।
- সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন।
- সিটিজেন চার্টার হালনাগাদকরণে সুপারিশ।
- অর্জন সংক্রান্ত সাইনবোর্ড/ব্যানার সর্বাধিক দর্শনীয় স্থানে লাগাতে হবে।
- সিটিজেন চার্টারের সাথে এপিএ সংক্রান্ত বিষয়গুলোর উপর গুরুত্বারোপ করতে হবে।
- প্রতি ৩ মাস পর পর আপডেট সিটিজেন চার্টার আপডেট করতে হবে।

৩. সভাপতির বক্তব্য:

সভার সভাপতি জনাব মো. বদিউজ্জামান সভায় সকলকে স্বাগত জানিয়ে সূচনা বক্তব্য রাখেন। অতঃপর তিনি সদস্য সচিব উপস্থাপিত এজেন্ডা বিষয়ে সকলের সূচিন্তিত পরামর্শ ও সুপারিশ আহ্বানের মধ্যদিয়ে সভার উন্মুক্ত আলোচনা ও কর্ম অধিবেশন শুরু করেন।

৪. সভার আলোচ্য বিষয় ও সুপারিশ:

ক্রম.	সভায় আলোচিত বিষয়সমূহ	সুপারিশ
১.	সিটিজেন চার্টারে প্রতিশ্রুতমতে নির্ধারিত সময়ের মধ্যে শাখা অফিসসমূহে সেবা প্রদান হচ্ছে কি না, এবিষয়ে শাখা অফিসসমূহের তথ্য পর্যালোচনা	সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদানের নির্দেশনা প্রদান।
২.	কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্ম পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে সদর দফতরে প্রেরণ নিশ্চিত করা।
৩.	সদর দফতরের ওয়েব সাইটে প্রতি ৩ মাস পরপর সিটিজেন চার্টার হালনাগাদকরা হয়। সংশ্লিষ্ট শাখা অফিসসমূহকে আপডেট সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে।	সিটিজেন চার্টার হালনাগাদ রাখা।
৪.	কর্পোরেশনের অর্জন সংক্রান্ত সকল সাইনবোর্ড/ব্যানার সর্বাধিক দর্শনীয় স্থানে স্থাপন করতে হবে।	সর্বাধিক দর্শনীয় স্থানে স্থাপন করা যাতে সহজেই সকল গ্রাহকের দৃষ্টিগোচর হয়।

৫. সভায় অধিকতর কিছু আলোচ্য না থাকায় এ পর্যায়ে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত/-  
(সি, এম, রুম)  
জোনাল ম্যানেজার

সূত্র নম্বরঃ ৫৩.১৪.৪৭৫১.৩৪০.৯৯.০০২.২১/১২২২(৩২)

তারিখঃ ২০.০৯.২০২২খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপমহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা;
- ২। উপমহাব্যবস্থাপক, পিএইচআরডি বিভাগ, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা;
- ৩। রিজিওনাল ম্যানেজার, রিজিওনাল অফিস, যশোর/কুষ্টিয়া;
- ৪। শাখা ম্যানেজার, শাখা অফিস, খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট/যশোর/মাগুরা/ঝিনাইদহ/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা;
- ৫। অফিস কপি।

  
২০.০৯.২০২২  
(সি, এম, রুম)  
জোনাল ম্যানেজার, খুলনা।